

ফ্লোরাইড বার্নিশ: প্রায়শ জানতে চাওয়া প্রশ্নাবলী

ফ্লোরাইড বার্নিশ কী?

ফ্লোরাইড বার্নিশ হল একটি সুরক্ষামূলক কোটিং যা ক্যাভিটিস (দাঁতে গর্ত হওয়া) আটকাতে সহায়তা করতে দাঁতে লাগানো হয়।

কেন ফ্লোরাইড বার্নিশ সুপারিশ করা হয়?

ক্যাভিটিসের কারণে ব্যাথা এবং সংক্রমণ হতে পারে, যার ফলে খেতে, কথা বলতে, খেলতে এবং পড়াশুনো করতে সমস্যা হতে পারে। ফ্লোরাইড বার্নিশ দাঁতকে মজবুত করে, ক্যাভিটিসের আরও খারাপের দ্বিগুণ যাওয়া আটকায় এবং নতুন ক্যাভিটিস গড়ে ওঠা প্রতিরোধ করে।

ফ্লোরাইড বার্নিশ কি নিরাপদ?

হ্যাঁ, ফ্লোরাইড বার্নিশ যে কোনো বয়সে নিরাপদ, এমনকি ছোটো শিশু, যাদের নতুন দাঁত উঠছে তাদের ক্ষেত্রেও। ফ্লোরাইড বার্নিশ ব্যবহার সংক্রান্ত আপনার কোনো প্রশ্ন বা উদ্বেগ থাকলে, আপনার স্বাস্থ্য সেবা সরবরাহকারী বা দাঁতের ডাক্তারের সাথে কথা বলুন। 1 বছর বয়স থেকে শিশুদের দাঁত দেখানো শুরু করা উচিত।


ফ্লোরাইড বার্নিশ কীভাবে প্রয়োগ করা হয়?

একজন দাঁতের ডাক্তার, দাঁতের স্বাস্থ্যবিদ, ডাক্তার বা নার্স একটি ব্রাশ দিয়ে ফ্লোরাইড বার্নিশ দাঁতে লাগিয়ে দেন। প্রক্রিয়াটি দ্রুত এবং সহজ এবং এতে কোনো ব্যাথা লাগে না বা মুখের স্বাদও নষ্ট করে না। বার্নিশটি দাঁতে আটকে থাকে এবং একটি পাতলা, অস্থায়ী কোটিং ফেলতে পারে। এটি স্বাভাবিক এবং দাঁত ব্রাশ করার সময় এটি চলে যাবে।

ফ্লোরাইড বার্নিশ কতক্ষণ থাকে?

ফ্লোরাইড বার্নিশ বেশ কয়েক মাস দাঁতকে রক্ষা করে। তিন থেকে ছয় মাস অন্তর এটি পুনরায় প্রয়োগ করা হলে এটি সবচেয়ে ভালো কাজ করে।

একটি শিশুকে একটি ফ্লোরাইড বার্নিশ লাগানো হচ্ছে



ফ্লোরাইড বার্নিশ প্রয়োগ করার পরে আমি কি স্বাভাবিক ভাবে খেতে, পান করতে বা আমার দাঁত ব্রাশ করতে পারব?

ফ্লোরাইড বার্নিশ প্রয়োগ করার পরে আপনি স্বাভাবিক ভাবে খেতে এবং পান করতে পারবেন, কিন্তু দিনের কি সময়ের জন্য গরম, শক্ত এবং আঠালো খাবার এড়িয়ে চলুন। পরের দিন আপনার দাঁত ব্রাশ করা পর্যন্ত অপেক্ষা করুন।

ফ্লোরাইড বার্নিশ কি বীমার আওতাভুক্ত?

Medicaid (মেডিকেড) এবং Child Health Plus (চাইল্ড হেলথ প্লাস) সহ বেশির ভাগ দাঁতের বীমা প্রদানকারী ফ্লোরাইড বার্নিশ প্রয়োগকে আওতাভুক্ত করে। সহায়তা, স্বাস্থ্য বীমায় নথিভুক্তকরণ বা নবায়নের জন্য **311** বা 347-665-0214 নম্বরে কল করুন বা nyc.gov/health/healthcoverage ভিজিট করুন। আপনার নিকটবর্তী একজন কম-খরচের দাঁতের চিকিৎসক খুঁজে বের করতে সহায়তা জন্য, **311** নম্বরে কল করুন বা nyc.gov/health/map দেখুন।

মুখের স্বাস্থ্য সংক্রান্ত আরও তথ্যের জন্য nyc.gov/health/teeth দেখুন।